R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা
বি কে
ষ্টীল ফার্ণিচার
অনুমোদিত বিক্রেতা ঃ ষ্টিলকো
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W B)
প্রতিষ্ঠাতা— স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ
৩১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৭ই পৌষ, বুধবার, ১৪০৫ সাল।
২৩শে ডিসেম্বর, ১৯৯৮ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## সি পি এমে ধস নামিয়ে পাঁচশোর উপর কর্মী আর এস পিতে

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১৫ ডিসেম্বর সামসেরগঞ্জ ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও ধুলিয়ান পুরসভার প্রায় ৫০০ থেকে ৫৫০ সিপিএম কর্মী আরএসপিতে যোগ দিলেন বলে জানা যায়। দলত্যাগীদের নেতৃত্ব দেন কমঃ ইউসুফ হোসেন, কাউন্সিলার কমঃ বসুমতী সিংহ, থানা কর্মাধ্যক্ষ কমঃ কাউসার আলি এবং মহরম আলিসহ বেশ কিছু গ্রাম পঞ্চায়েত সদস্য। স্থানীয় আর এস পির পক্ষে সম্পাদক কমঃ রৌশন আলি এবং নেতা কমঃ দীপক তলাপাত্র এক বর্ণাঢ্য অনুষ্ঠানে আগত নেতা ও কর্মীদের অভিনন্দন জানান ও সাদরে বরণ করেন। আর এস পি দল বর্তমানে এই অঞ্চলে সুসংহতভাবে জনগণের আস্থাভাজন হয়ে চলছিল। বর্তমানে বেশ কিছু নেতা ও কর্মীদের ব্যাপক যোগদানে সর্ববৃহৎ দলে রূপ পেল বলে অভিজ্ঞ মহলের ধারণা।

## মুর্শিদাবাদে হাজারদুয়ারী উৎসব শুরু হচ্ছে

বিশেষ প্রতিবেদক ঃ আগামী ২৪ ডিসেম্বর থেকে ২ জানুয়ারী পর্যন্ত জেলা পরিষদ, জেলা প্রশাসন, পঃ বঃ সরকারের পর্যটন দপ্তর, তথ্য ও সংস্কৃতি বিভাগ, সঙ্গীত আকাদেমি ও পূর্বাঞ্চলীয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে ইমামবাড়া প্রাঙ্গণে হাজারদুয়ারী উৎসব শুরু হচ্ছে। মুর্শিদাবাদ জেলা রাজ্যের অন্যান্য জেলার তুলনায় ঐতিহাসিক গুরুত্বের দিক দিয়ে অনেক বেশী উল্লেখযোগ্য। তাই পর্যটনের দিক থেকে এই জেলার গুরুত্ব অপরিসীম। এই গুরুত্বের কথা চিন্তা করে জেলার পর্যটন শিল্পকে লোকগ্রাহ্য করার উদ্দেশ্যে হাজারদুয়ারী উৎসবের সূচনা। এই উৎসবকে কেন্দ্র করে শুধুমাত্র হাজার-দুয়ারী নয়, মুর্শিদাবাদের অন্যান্য দ্রষ্টব্য স্থানগুলিকেও যেমন—কাটরা মসজিদ, কাঠগোলা বাগান, ওয়াশিফ মঞ্জিল, রাণী ভবানীর মন্দির ইত্যাদিকে দর্শনীয় করে তোলার চিন্তা-ভাবনা করা হয়েছে। সেই কারণে জেলার বিভিন্ন স্থান থেকে বিশেষ যানবাহনের ব্যবস্থা করে এই সব দ্রষ্টব্য জায়গাগুলি দেখানোর ব্যবস্থা করা হয়েছে। পর্যটন ছাড়াও জেলার বিভিন্ন কুটিরশিল্প এবং অন্যান্য পেশার সাথে যুক্ত মানুষদের আর্থিক উন্নতির কথা ভেবে মেলা প্রাঙ্গণে প্রায় ১০০টি সরকারী-বেসরকারী ষ্টল ( শেষ পৃষ্ঠায় )

## ছাত্র যুব উৎসব মানুষকে আনন্দ দিতে পারেনি

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি ব্লকের বোখারা ২ গ্রাম পঞ্চায়েতের দোহাল ও যোগপুর মাঠে গত ১২ থেকে ১৪ ডিসেম্বর সাগরদীঘি ব্লক ছাত্র যুব উৎসব অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির সভাপতি আশিস ব্যানার্জী। উদ্বোধক ছিলেন বিধায়ক পরেশ দাস। ১২ ডিসেম্বর সংহতি দিবসে ক্রীড়া প্রতিযোগিতার সফল প্রতিযোগী-দের পুরস্কার বিতরণী সভায় সভাপতিত্ব করেন বিডিও অজয়কুমার ঘোষ। ১৩ ডিসেম্বর সাংস্কৃতিক প্রতিযোগিতায় সভানেত্রী ছিলেন বাসন্তী ভদ্র। ১৪ ডিসেম্বর সংগীতানুষ্ঠা-নের আসরে সভাপতি ছিলেন আশিস ব্যানার্জী। দর্শক এবং প্রতিযোগীদের অভিযোগ এ উৎসব মানুষকে আনন্দ দিতে পারেনি। কারণ কোন অনুষ্ঠান দোহালে আবার কোন অনুষ্ঠান যোগপুরে আবার কখনও উভয় গ্রামের মাঠে এক জায়গায় ছিল না। তাঁদের বক্তব্য গত বছর বালিয়া গ্রামেই ভাল অনুষ্ঠান হয়েছিল।

## লায়ন্স ক্লাবের চক্ষু হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২০ ডিসেম্বর রঘুনাথগঞ্জ শহর লাগোয়া শ্রীকান্তবাটীতে সাত কাঠা জায়গার উপর লায়ন্স ক্লাব অফ জঙ্গীপুরের চক্ষু হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন পি ডি জি প্রদীপ আগরওয়াল। এলাকার বিধায়ক মহঃ সোহরাব অনুষ্ঠানের কোন খবর জানতে না পারায় আমাদের প্রতিনিধির কাছে ক্ষোভ প্রকাশ করেন। তিনি বলেন, 'ও সব বড়লোকদের অনুষ্ঠানে আমাদের জানানোর প্রয়োজন মনে করে না। অথচ হাসপাতাল যেখানে তৈরী হবে সে জায়গাটা জঙ্গীপুর পুর এলাকার মধ্যে না হলেও পুরপতি যথারীতি নিমন্ত্রিত বিশেষ অতিথি। আমি সেখানে ব্রাত্য।' ক্লাবের সভাপতি নন্দকিশোর মুন্দ্রা ও সম্পাদক স্বপন সিংহরায় জানান, গত বছর প্রায় ৪৫ হাজার টাকা দিয়ে এই জমি কেনা হয়। মূল জায়গার পার্শ্বস্থ দশ ফুট (শেষ পৃষ্ঠায়)

## জলবিভাজিকা প্রকল্প

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ ১নং পঞ্চায়েত সমিতির উদ্যোগে নূতনগঞ্জ বারয়ানী চেতনা কেন্দ্রে গত ১৪ থেকে ১৬ ডিসেম্বর মিত্র কৃষাণ ৩৩ মহিলা ও মিত্র কৃষাণ ২২ দের নিয়ে এক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। রঘুনাথগঞ্জ-১ কৃষি সম্প্রসারণ আধিকারিক শিবেন দাস ছিলেন প্রশিক্ষণের উদ্যোক্তা। জেলা মুখ্য কৃষি আধিকারিক দপ্তরের এডিও সদানন্দ মুখার্জী পরিকল্পনার ব্যাখ্যা দেন। জঙ্গিপুর মহকুমা কৃষি আধিকারিক সরিফুল ইসলাম চেতনার উন্মেষ ঘটানর মূল পথ দেখান। (শেষ পৃঃ)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারম্পার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৭ই পৌষ বুধবার, ১৪০৫ সাল।

## ॥ দূরদর্শনের দিক ॥

দূরদর্শনের পর্দা আজ সকলের কাছে আদরণীয় হইয়া উঠিয়াছে। ইহাতে নানা সিরিয়াল, টেলিফিল্ম, সিনেমা প্রভৃতি প্রদর্শিত হইতেছে। বিজ্ঞাপনদাতারা প্রচুর অর্থ ব্যয় করিয়া তাঁহাদের বিভিন্ন পণ্যের প্রতি দর্শকদের আকৃষ্ট করিয়া তাঁহাদের ব্যবসায়িক সুবিধালাভের সুযোগ পান; জনসাধারণও বিভিন্ন পণ্য কিনিতে প্রলুব্ধ হইয়া পড়েন—এই উভয় দিকই সত্য।

তবে শিশু মনে দূরদর্শনে প্রদর্শিত কিছু কিছু জিনিস এমন প্রভাব বিস্তার করিতেছে যে, তাহা শিশুর মানসিক গঠনকে বিপর্যস্ত করিতেছে। বিভিন্ন ঘটনায় ইহার প্রমাণ পাওয়া যাইতেছে।

টি ভি সিরিয়ালগুলিতে প্রদর্শিত লড়াই বা ধস্তাধস্তি ছবি যাহা 'ফাইটিং' চিত্র হিসাবে নামডাকওয়ালা, শিশুদের মনকে বিশেষভাবে নাড়া দিতেছে। তরবারি, ছোড়া, পিস্তল দ্বারা আক্রমণের চিত্র বিশেষ করিয়া হিন্দী সিরিয়ালে বিরল নহে। উচ্চস্থান হইতে বহু নিম্নে ঝাঁপ দিয়া আক্রমণ প্রায়শঃ দেখা যায়। শিশুর মনকে বিক্ষিপ্ত করিবার পক্ষে ইহাই যথেষ্ট। টি ভি-র 'শক্তিমান' ধারাবাহিক শিশুদের অত্যন্ত প্রিয়। কিন্তু প্রিয় হইলে কি হয়? ইহা তাহাদের বিপদও ডাকিয়া আনিতেছে। ছবি দেখিয়া তাহারা এক কল্পনার জগৎ গড়িয়া তুলিতেছে। নিজেরাই বিপদের সৃষ্টি করিতেছে 'শক্তিমান' তাহাদিগকে উদ্ধার করিবে এই আশায়। উদাহরণ স্বরূপ সম্প্রতি কর্ণাটকে দুই শিশু বালিকা গায়ে কেরোসিন ঢালিয়া আগুন ধরাইয়া 'শক্তিমান'-এর জন্য অপেক্ষা করিতে করিতে নিজেদেরকে চরম বিপন্ন করিয়াছিল। কয়েক বৎসর হইল, একটি বালক গলায় ফাঁস লাগাইয়া মৃত্যু-বরণও করে। ইহা ছাড়াও নানা মারদাঙ্গার ছবি, খুনোখুনি শিশুর কল্পনায় অবাস্তব থাকে না, বাস্তব হইয়া উঠে। তাহার বাহ্যিক আচার-আচরণে অনেক বৈলক্ষণ্য দেখা যায়। টি ভি-তে একই সঙ্গে দেখার ও শুনার ফলে মনের উপর প্রভাব পড়ে অনেক বেশী। রেডিওতে কেবল শ্রবণের কাজ, পুস্তকে পাঠের কাজ। ইহাদের প্রভাব অপেক্ষা টি ভি-র প্রভাব বেশী হয় মনস্তাত্ত্বিক কারণে। এই কারণে টি ভি-র পৃথিবী বা পরিমণ্ডল কিশোর-কিশোরীদের অপরিণত মস্তিষ্কে এক মহনীয় কল্পনা রাজ্যের সৃষ্টি করে, আর তাহারই বাস্তব রূপায়ণে বিবিধ বিপর্যয় আসিয়া উপস্থিত হয়। সামাজিক আচার-আচরণেও শিশুরা অনেক সময় অস্বাভাবিক হইয়া উঠে।

ইহার উপরে রহিয়াছে টি ভি-তে প্রদর্শিত নানা বিজ্ঞাপনের বাহার। নারীদেহের নগ্নতা, যাহা লিরিল সাবান, কিছু গ্লিসারিন সাবানের বিজ্ঞাপনে দেখা যায়, তাহা শিশুদের পক্ষে বিশেষত তাহাদের মানসিক গঠন ও বিকাশের পক্ষে আদৌ কল্যাণকর নহে। আজ দন্ত, ত্বক ও কেশ পরিচর্যার হরেক রকম সামগ্রী শিশুদেরকে প্রলুব্ধ করিতেছে। 'কেয়ারফ্রি', 'হুইসপার' প্রভৃতি ন্যাপকিনের বিজ্ঞাপন শিশুদিগকে জিজ্ঞাসু ও কৌতূহলী করিতেছে এবং মনে নানা প্রতিক্রিয়ার সৃষ্টি করিতেছে।

দূরদর্শন কর্তৃপক্ষ বর্তমান ও আগামী প্রজন্মের সুস্থ মানসিক গঠন সম্পর্কে চিন্তা-ভাবনা করিয়া বিভিন্ন সিরিয়াল ও বিজ্ঞাপন প্রদর্শনের ব্যবস্থা করিলে আজিকায় শিশুদের যথেষ্ট কল্যাণ সাধিত হয়।

## গণনাট্য সংঘের সম্মেলন

জঙ্গীপুর, বিশেষ সংবাদদাতা: ভারতীয় গণনাট্য সংঘ রঘুনাথগঞ্জ এবং জঙ্গীপুর শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়ে গেল গত ১৩ ডিসেম্বর। দুটি সম্মেলনেই উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলার গণতান্ত্রিক আন্দোলনের নেতা শেখর সাহা এবং মৃগাঙ্ক ভট্টাচার্য্য। ১৩ ডিসেম্বর বেলা ১০ টায় রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ে রঘুনাথগঞ্জ শাখার সম্মেলনে সভাপতি ও সম্পাদক নির্বাচিত হয়েছেন মানিক চট্টোপাধ্যায় ও অম্বুজাপদ রাহা। এই প্রতিনিধি সম্মেলনে মৃগাঙ্ক ভট্টাচার্য্য বলেছেন: 'গণনাট্য সংগঠনকে আরও ছড়িয়ে দিতে হবে। জঙ্গীপুর—রঘুনাথগঞ্জ প্রভৃতি এলাকায় এই সংগঠনের বিস্তৃতির জন্য মানিকবাবুকে একটি শাখার মধ্যে আবদ্ধ না রেখে আরও ছড়িয়ে কাজ করানো হবে। সাংগঠনিক স্বার্থে এই রদবদল। রঘুনাথগঞ্জ শাখার এগারোজনকে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। জঙ্গীপুর শাখার সম্মেলন অনুষ্ঠিত হয় বেলা ২ ঘটিকায় জঙ্গীপুর উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রয়াত গণনাট্যের শিল্পী সজল সাহা মঞ্চে। দুটি সম্মেলনেরই উদ্বোধন করেন শেখর সাহা। এই শাখার সভাপতি ও সম্পাদক নির্বাচিত হয়েছেন সুকুমার গোস্বামী এবং সমর বারিক। আপাতত: তেরোজনের একটি কমিটি গঠিত হয়েছে। পরে দু'জনকে কোআপ্ট করে নেওয়া হবে। সম্মেলনের পর জঙ্গীপুর বাসষ্ট্যাণ্ডে প্রকাশ্য সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। শেখর সাহা প্রকাশ্য সমাবেশে বক্তব্য রেখে সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। এই সাংস্কৃতিক অনুষ্ঠানে গণসঙ্গীত, অতুলপ্রসাদ, বাউল, দেশগান, সত্যপীরের গান এবং কবিগান পরিবেশিত হয়। প্রকাশ্য সমাবেশের মঞ্চে গণনাট্য সংঘের পক্ষ থেকে মানিক চট্টোপাধ্যায় মৃগাঙ্ক ভট্টাচার্য্যের হাতে ১২০১ টাকা তুলে দেন বন্যাত্রাণের জন্য।

## কুখ্যাত দুর্বৃত্তকে নৃশংসভাবে হত্যা

ধুলিয়ান: বিহারের গা লাগোয়া সামসেরগঞ্জ থানার অদ্বৈতনগরে সম্প্রতি আতাউর সেখ (৪৫) নামে একজনকে নৃশংসভাবে হত্যা করা হয়। জানা যায় আতাউর একজন কুখ্যাত সমাজবিরোধী। বাংলা ও বিহারে খুন, রাহাজানি ইত্যাদি বিভিন্ন অভিযোগে অন্তত: পনরটি মামলা তার বিরুদ্ধে চলছে। পুলিশের ধারণা বাংলা বা বিহার এলাকার বিপক্ষ দল আতাউরকে হত্যা করেছে। এখন পর্যন্ত কেউ ধরা পড়েনি।

## তফসীলভুক্ত কৃষক প্রশিক্ষণ

রঘুনাথগঞ্জ: ১৬—১৮ ডিসেম্বর মহকুমার ৭টি ব্লকের ৩০ জন তপসীলভুক্ত কৃষকদের প্রশিক্ষণের আয়োজন করেন জঙ্গিপুর মহকুমা কৃষি আধিকারিক। সভাপতিত্ব করেন সমাজসেবী কমলারঞ্জন প্রামাণিক। জেলা প্রশিক্ষণ আধিকারিক মানস বাগচী গম চাষের প্রয়োজনীয়তা বর্ণনা দিয়ে গমের জাত দেখান। বছরের বিভিন্ন মাসের সব্জী ও ফল চাষ সম্পর্কে বক্তব্য রাখেন অমলেন্দু গুহ মজুমদার। গাছের উৎপাদন শক্তি আনতে মাটি পরীক্ষার জন্য মাটি সংগ্রহ পদ্ধতি দেখান অজিতকুমার দাস। সরষে চাষে অধিক তেল যুক্ত জাত পোকা দমন, ক্ষতিকারক ইঁদুর দমন, নারকেল, কাঁঠাল, পেপে, লেবু গাছে রোগ পোকা দমন পদ্ধতি দেখান হয়। আখ চাষ বাড়াতে আখের জাত পরিচর্যা পদ্ধতি দেখান হয়। ডাল শস্যের ব্যাপক চা বাড়াতে উন্নত জাত বর্ণনা করা হয়। বোর ধান চাষের উন্নত জাত এবং শস্য সংরক্ষণ নিয়ে আলোচনা করা হয়। সুতী ২ ব্লকের চাষী দশরথ মণ্ডল, সমসেরগঞ্জ ব্লকের নন্দকুমার দাস, রঘুনাথগঞ্জ-১ ব্লকের সুবোধকুমার সরকার, সাগরদীঘি ব্লকের ব্রজগোপাল মণ্ডল এই ধরনের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা আছে বলে আমাদের প্রতিনিধিকে জানান।

## মহকুমা সম্মেলন

নিজস্ব সংবাদদাতা: গত ১৮ ডিসেম্বর জঙ্গিপুর মহকুমা নন গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির মহকুমা সম্মেলনের প্রতিনিধি সভা অনুষ্ঠিত হয় জঙ্গিপুর পৌর শ্রমিক কর্মচারী সমিতির ভবনে। সভায় জীবানন্দ ভাদুড়ীকে সভাপতি এবং সুসীম মিশ্রকে সম্পাদক করে আঠারো জনের নতুন কমিটি গঠিত হয়।

## জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়ে পারিতোষিক বিতরণী উৎসব

বিশেষ প্রতিবেদক : গত ২১ ডিসেম্বর জঙ্গীপুর উচ্চ বিদ্যালয়ে পারিতোষিক বিতরণী উৎসব অনুষ্ঠিত হয়ে গেল। অনুষ্ঠানে মহকুমা শাসক মণীষ রায়, পুরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য ছাড়াও অবসরপ্রাপ্ত কিছু বিদগ্ধ শিক্ষক ও শিক্ষানুরাগী ব্যক্তি উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ৯৭ ও ৯৮ সালের কৃতী ছাত্রছাত্রীদের রূপোর মেডেল ও বিভিন্ন গ্রন্থাবলী দিয়ে পুরস্কৃত করেন পুরপতি ও মঃকুমা শাসক। দু' বছর অন্তর এ ধরনের অনুষ্ঠানের আয়োজন করে ছাত্রছাত্রীদের উৎসাহিত করতে পেরে প্রধান শিক্ষক বীরেন্দ্রচন্দ্র ভট্টাচার্য্য ও সম্পাদক কেতকীকুমার পাল স্বভাবতই খুশী। পূর্বে এ ধরনের অনুষ্ঠান হত না বলে সম্পাদক জানান। প্রাক্তন ছাত্র ডাঃ অমিয় হাটী নবম থেকে দশম শ্রেণীতে উত্তীর্ণ প্রথম স্থান অধিকারী ছাত্রকে বিশেষ বৃত্তিদানের জন্য পঞ্চাশ হাজার টাকার চেক পুরপতি মারফৎ পাঠান। প্রতি বছর এই টাকার সুদ থেকে একজন ছাত্রকে বৃত্তি দেওয়া হবে। এছাড়াও স্থানীয় শিক্ষানুরাগী কানাই সিংহ তাঁর বাবার স্মৃতির উদ্দেশ্যে ঐ একই কৃতিত্বের অধিকারী ছাত্রকে এক হাজার টাকা ও একটি মেডেল দেবার অঙ্গীকার করেন। ছাত্রছাত্রীরা বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে। বিদ্যালয় সম্পাদক ও প্রধান শিক্ষক সভায় তাঁদের লিখিত প্রতিবেদন পাঠ করে বিগত দু' বছরে স্কুলের বিভিন্ন কর্মকাণ্ডের দিক তুলে ধরেন।

### মুর্শিদাবাদ জেলা তিনশো বছর পূর্তি উৎসব কমিটি

রঘুনাথগঞ্জ : গত ১৮ ডিসেম্বর জঙ্গীপুর পৌরসভা ভবনে মুর্শিদাবাদ জেলা নামকরণের ৩০০ বছর পূর্তি উৎসব উদযাপনের জঙ্গীপুর মহকুমা কমিটি গঠিত হল। এই কমিটি জঙ্গীপুর মহকুমার স্থাপত্য, কলা, পুরাকীর্তি, স্মৃতিসৌধ প্রভৃতি বিষয়ে তথ্যানুসন্ধানের মাধ্যমে একটি পুস্তিকা প্রকাশ করবে। পরবর্তীতে সেই পুস্তিকার অংশ-বিশেষ জেলাস্তরে প্রকাশিত পুস্তিকাতেও প্রকাশ পাবে বলে কমিটি গঠনের আহ্বায়ক কাশীনাথ ভকত জানান। এই উপলক্ষে পুরপতি মৃগাঙ্ক ভট্টাচর্য্যকে সভাপতি, কমিশনার গৌতম রুদ্রকে কার্যকরী সভাপতি, কাশীনাথ ভকত ও কেতকী পালকে যুগ্ম সম্পাদক এবং কমিশনার শত্রুঘ্ন সরকারকে কোষাধ্যক্ষ করে একটি কমিটি গঠিত হয়।

### ভারত সেবাশ্রম সংঘের শীতবস্ত্র দান

নিজস্ব সংবাদদাতা : গত ১১ ডিসেম্বর সকালে অরঙ্গাবাদ ভারত সেবাশ্রম সঙ্ঘে জঙ্গিপুরের মহকুমা শাসকের উপস্থিতিতে ৫০০ দুঃস্থদের মধ্যে কম্বল বিতরণ করা হয়। ঐ দিন বিকেলে জঙ্গিপুর হিন্দু মিলন মন্দিরে ৫০টি ধুতি শাড়ী দুঃস্থদের দেওয়া হয়। ১৭ ডিসেম্বর জঙ্গিপুর পারে ছোটকালিয়ায় মিলন মন্দিরে একইভাবে দুঃস্থদের শীতবস্ত্র দেওয়া হয়। পরবর্তীতে লালগোলায় শীতবস্ত্র বিতরণের পদক্ষেপ নেওয়া হয়েছে বলে সংস্থার পক্ষে স্বামী উৎপলানন্দজী মহারাজ আমাদের প্রতিনিধিকে জানান।


### জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জ F. C. I. গোডাউনের পার্শ্বে বাসপোযোগী একটি প্লট ৩০' × ৩৩' ফুট বিক্রয় আছে। সত্বর যোগাযোগ করুন।

উল ভাণ্ডার, ফুলতলা, রঘুনাথগঞ্জ

ফোন : দোকান— ৬৬৩৯৯ বাড়ী— ৬৬৭৯৯

### জায়গা বিক্রয়

রঘুনাথগঞ্জ রামমোহন পল্লীতে ( গোডাউন কলোনী ) কালী মন্দিরের পাশে বাউণ্ডারী ওয়াল দেওয়া চার শতক জায়গা বিক্রী আছে। যোগাযোগের ঠিকানা— অমলাক্ষ বড়াল

গোডাউন কলোনী বড়ালের আটা মিল

রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )


## দুটি স্কুল নির্বাচনে সিপিএম জয়ী

স্থানীয় সংবাদদাতা : গত ২০ ডিসেম্বর মহকুমার দুটি উচ্চ বিদ্যালয়ের পরিচালন সমিতির নির্বাচনে সিপিএম প্রভাবিত শিক্ষা গণতন্ত্রীকরণ সংস্থার প্রার্থীরা জয়ী হয়েছেন। জঙ্গিপুর উচ্চ বালিকা বিদ্যালয়ে এই সংস্থার কাবেরী দাস হাজরা (২৯৯), বিশ্বদেব দাস (৩০২), মোজাহারুল ইসলাম (২৯৩) এবং শ্যামাশংকর দাস (২৯৮) তৃণমূল, কংগ্রেস ও বিজেপি জোটের চার প্রার্থীদের পরাজিত করেন। অপরদিকে ঐদিন রঘুনাথগঞ্জ ১নং ব্লকের মহম্মদপুরে জে. এন. হাই স্কুলের নির্বাচনে চার সিপিএম প্রার্থী জয়ী হয়েছেন। এখানেও পরাজিত চার প্রার্থী কংগ্রেস এবং বিজেপি জোটের। দুটি বিদ্যালয়ের নির্বাচন ঘিরেই এলাকায় উত্তেজনা থাকলেও পুলিশ এবং প্রশাসনের উপস্থিতিতে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি বলে জানা যায়।


## সঙ্গীত, নৃত্য ও বাদ্যযন্ত্রের প্রতিযোগিতা

সংযোজক ঃ পশ্চিমবঙ্গ রাজ্য সঙ্গীত আকাদেমী

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পঃ বঃ সরকার

৩৬, প্রিন্স আনোয়ার শাহ্ রোড

কলিকাতা—৭০০০৩৩

ব্যবস্থাপনায় ঃ জেলা তথ্য ও সাংস্কৃতিক দপ্তর ও রবীন্দ্রসদন

প্রতিযোগিতার স্থান ঃ রবীন্দ্রসদন, বহরমপুর

সময় ঃ প্রত্যহ সকাল ৯টা

| ক্রমিক সংখ্যা | বিষয় | ক বিভাগ (১২-১৮ বৎসর) | খ বিভাগ (১৯-২৭ বৎসর) |
|---|---|---|---|
| ১ | কত্থক নৃত্য | ৪-১-৯৯ | ৫-২-৯৯ |
| ২ | সৃজনশীল নৃত্য | ৪-১-৯৯ | ৫-২-৯৯ |
| ৩ | রবীন্দ্র সংগীত | ৫-১-৯৯ | ৩০-১-৯৯ |
| ৪ | নজরুলগীতি | ৫-১-৯৯ | ২-২-৯৯ |
| ৫ | অতুল/রজনী/দ্বিজেন্দ্র গীত | × | ৩০-১-৯৯ |
| ৬ | খেয়াল | ৮-১-৯৯ | ২-২-৯৯ |
| ৭ | তবলা | ৮-১-৯৯ | ৫-২-৯৯ |
| ৮ | লোক সংগীত | × | ৩০-১-৯৯ |
| ৯ | আধুনিক বাংলা গান (সিনেমার গান বাদে) | ৮-১-৯৯ | ২-২-৯৯ |
| ১০ | দেশাত্মবোধক গান | × | ৩০-১-৯৯ |
| ১১ | ভজন | ৪-১-৯৯ | ২-২-৯৯ |

আবেদনের সঙ্গে বয়সের প্রত্যায়িত কপি অবশ্যই দিতে হবে।

১। আবেদনের শেষ তারিখ 'ক' বিভাগ—২/১/৯৯—শনিবার
'খ' বিভাগ—২৫/১/৯৯—সোমবার

২। আবেদন জমা দেওয়ার স্থান—বহরমপুর রবীন্দ্রসদন ও জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, বহরমপুর, মুর্শিদাবাদ।

৩। মহকুমার জন্য মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক দপ্তর। মহকুমায় আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ 'ক' বিভাগ ৩১/১২/৯৮ 'খ' বিভাগ ২৩/১/৯৯।

৪। আবেদনপত্র জমা দেওয়ার স্থান থেকে বাকী নিয়মাবলী জেনে নেবেন।

### সংগীত কর্মশালা

রবীন্দ্র সঙ্গীত ও লঘু শাস্ত্রীয় সংগীত ৮ই জানুয়ারী '৯৯ হইতে স্থান : বহরমপুর রবীন্দ্রসদন। কর্মশালার জন্য জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর ও বহরমপুর রবীন্দ্রসদনে সরাসরি যোগাযোগ করুন।

### হাজারদুয়ারী উৎসব শুরু ( ১ম পৃষ্ঠার পর )

ছাড়াও বিস্তীর্ণ বাণিজ্যের সুযোগ দেওয়া হয়েছে। এই প্রদর্শনীতে হস্ত ও কুটির শিল্পের ষ্টল ছাড়াও পুস্তক, খাদ্য ইত্যাদি বিভিন্ন জিনিসপত্র কেনাবেচার সুযোগ থাকবে। জেলার সংস্কৃতিকে সঞ্জিবীত করার উদ্দেশ্যে মেলায় প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠান থাকছে। এ ছাড়া পর্যটন ও ঐতিহাসিক গুরুত্বের বিচারে সেমিনার এবং স্লাইড শো মেলার অন্যতম আকর্ষণ। জেলার লোকশিল্পী সম্মেলন, লোক-সংস্কৃতি উৎসবও একই মঞ্চে অনুষ্ঠিত হবে। এই মেলাকে কেন্দ্র করে গত ১৯ ডিসেম্বর বহরমপুর সার্কিট হাউসে জেলা শাসক ও জেলা সভাধিপতি এক সাংবাদিক সম্মেলন ডাকেন।

### চক্ষু হাসপাতালের ভিত্তিপ্রস্তর ( ১ম পৃষ্ঠার পর )

চওড়া কিছুটা রাস্তা সভাপতি ক্লাবকে এই দিন হস্তান্তর করেন। যদিও শ্রীকান্তবাটীর পিচ রোড থেকে হাসপাতালের প্রবেশ দ্বারে আসার রাস্তা বর্তমানে জঙ্গিপুরের ব্যবসায়ী মুন্দ্রা পরিবারেরই দখলে আছে। হাসপাতাল তৈরী করতে সর্বমোট ত্রিশ লক্ষ টাকার ব্যয় ধরা হয়েছে, যার মধ্যে ঐ দিনই বিভিন্ন ক্লাব সদস্যরা দু'লক্ষ ত্রিশ হাজার পাঁচশো এক টাকা দান করার প্রতিশ্রুতি দেন। আগামী জানুয়ারীতেই গৃহনির্মাণ শুরু হবে, শেষ হতে দু'বছর সময়সীমা ঠিক হয়েছে। গত বন্যায় লায়ন্স ক্লাবের সক্রিয় ভূমিকার কথা উল্লেখ করে এসডিপিও স্বপন মাইতিসহ অনুষ্ঠানের অতিথিরা বক্তব্য রাখেন।


CENTURY'S
VISHWAKARMA
আপনার স্বপ্নের বাড়ি তৈরী করতে ব্যবহার করুন ....

**Century Cement**

THE COMPLETE CEMENT

সেঞ্চুরী সিমেন্ট একটি সম্পূর্ণ সিমেন্ট

Lookad





আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

**বাঘিড়া ননী এণ্ড সন্স**

মির্জাপুর ।। গনকর

ফোন নং : গনকর ৬২০২৯


### জলবিভাজিকা প্রকল্প ( ১ম পৃষ্ঠার পর )

মহকুমা বিষয় বিশেষজ্ঞ অজিতকুমার দাস মাটি দূষণ মুক্ত করে মাটি পরীক্ষার ভিত্তিতে সার প্রয়োগ বোর্ডে এঁকে উপস্থিত কৃষকদের বুঝিয়ে দেন। জঙ্গিপুর মহকুমা শাসক মনীশকুমার রায় কৃষি সম্পর্কে কারিগরি জ্ঞান নিতে বলেন। বিডিও অনির্বাণ দাসগুপ্ত ও সভাপতি কল্পনা মুখার্জী এলাকার মানুষকে উন্নয়নের পথে এগিয়ে আসতে আহ্বান জানান। বিভিন্ন প্রকার সব্জি, ফল চাষ, কৃষি উৎপাদন দ্রব্য থেকে শিল্প জৈব-অজৈব সার প্রয়োগ, রেশম চাষ, গোবর গ্যাস, গৃহপালিত পশু-পক্ষী পালন, তাদের রোগ প্রতিরোধ ও চিকিৎসার ব্যবস্থা সম্বন্ধে বিভিন্ন দপ্তরের আধিকারিকরা বিশদভাবে বর্ণনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রবীণ শিক্ষক উপেন্দ্রনাথ সাহা।


আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

**✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚**

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক—ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাবলু, টি), এফ. ডাবলু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারান্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার 'কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।



সকলকে অভিনন্দন জানাই—

**রঘুনাথগঞ্জ ব্লক নং-১**
**রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ**

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✶ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিণ্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| জয়ন্ত বাঘিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
|---|---|---|
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।